নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:

(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহার নির্দেশিকা

<u>সূচীপত্র</u>

০১। ভূমিকা.. ০১

০২। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কি ?.. ০১

২.১। স্মার্ট কার্ড প্রি-পেমেন্ট মিটারঃ.. ০২

২.২। কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটারঃ ০২

০৩। প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের সুবিধা : ০২

০৪। চার্জ সমূহ : ০২

৪.১। ডিমান্ড চার্জ :.. ০২

৪.২। মিটার রেন্ট : ০২

৪.৩। এনার্জি চার্জ: ০২

৪.৪। ভ্যাট: ০২

৪.৫। অন্যান্য চার্জঃ.. ০৩

০৫। কোথায় থেকে ভেন্ডিং/রিচার্জ করবেন ? ০৫

০৬। কিভাবে ভেন্ডিং/রিচার্জ করবেন? ০৫

০৭। সর্বাধিক জিজ্ঞাস্য প্রশ্নাবলি (FAQ) ০৬

০৮। উপসংহার.. ০৮

১। ভূমিকাঃ

বাংলাদেশের ক্রমবর্ধমান অর্থনীতির চাহিদার সাথে সামঞ্জস্য রেখে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি গ্রাহক সেবার মান উন্নয়নে বিভিন্ন কাঠামোগত সংস্থার কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত সংস্কার কর্মসূচির অংশ হিসাবে জ্বালানীর সাশ্রয়ী, দক্ষ, নিরাপদ ও টেকসই ব্যবহার এবং গ্রাহক বান্ধব আধুনিক ব্যবস্থাপনার ওপর গুরুত্বারোপ করে, আগামী ২০২১ সালের মধ্যে দেশব্যাপী ০২ কোটি প্রি-পেমেন্ট/স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন এবং আগামী ২০২৩ সালের মধ্যে বাংলাদেশের সকল বিদ্যুৎ গ্রাহককে প্রি-পেমেন্ট মিটারের আওতায় আনার উদ্দ্যোগ গ্রহন করা হয়েছে।

সেই লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে শতভাগ প্রিপেমেন্ট মিটার স্থাপনের- লক্ষ্যে সরকার কর্তৃক বাংলাদেশে ০২ টি প্রি-পেমেন্ট মিটার ম্যানুফ্যাকচারিং প্রতিষ্ঠান স্থাপন করা হয়েছে। প্রতিষ্ঠান ০২ টি হলো:

- ✓ Bangladesh Power Equipment Manufacturing Company Ltd. (BPEMC).
- ✓ Bangladesh Smart Electrical Company Limited (BSECL)

বিপিডিবি আরইবি ডিপিডিসি ডেসকো ওজোপাডিকো নেসকো

সরকারের এই লক্ষ্য বাস্তবায়নে ০৫ টি বিদ্যুৎ বিতরনকারী সংস্থার ন্যায় নেসকো লিঃ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের অগ্রযাত্রায় যুক্ত হয়েছে।

এরই ধারাবাহিকতায় বাংলাদেশ সরকার কর্তৃক "নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড এলাকায় পাঁচ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন" শীর্ষক প্রকল্পটি গ্রহন করা হয়েছে। প্রকল্পের আওতায় রাজশাহী, নাটোর, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, পাবনা, দিনাজপুর, সিরাজগঞ্জ, নীলফামারী জেলার আওতাধীন ১৬ টি বিক্রয় ও বিতরণ বিভাগে পাঁচ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন করা হবে। এছাড়া আগামী ২০২৩ সালের মধ্যে নেসকো লিঃ এর সকল বিদ্যুৎ গ্রাহককে স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের আওতায় আনার লক্ষ্যে ১২ (বারো) লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের একটি উন্নয়ন প্রকল্প প্রস্তাবনা (ডিপিপি) অনুমোদনের প্রক্রিয়া চলমান রয়েছে।

২। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কি ?

স্মার্ট প্রি-পেমেন্ট মিটার এক ধরনের বিশেষ বৈদ্যুতিক মিটার (এনার্জি পরিমাপক যন্ত্র) যার মাধ্যমে গ্রাহক সহজে ব্যবহৃত বিদ্যুতের পরিমান জানতে এবং নিয়ন্ত্রণ ও বিল পরিশোধ করতে পারে।

স্মার্ট প্রি-পেমেন্ট মিটার দুই প্রকারঃ স্মার্ট কার্ড ও কী-প্যাড স্মার্ট মিটার।

স্মার্ট কার্ড প্রি-পেমেন্ট মিটার

কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটার

উল্লেখ্য, নেসকো কর্তৃক কী-প্যাড স্মার্ট মিটার সরবরাহ ও স্থাপন করা হচ্ছে।

২.১। স্মার্ট কার্ড প্রি-পেমেন্ট মিটারঃ এই সিস্টেমে গ্রাহককে একটি স্মার্ট কার্ড প্রদান করা হয়। এই কার্ডটি ভেন্ডিং স্টেশন থেকে রিচার্জ করে মিটারে প্রবেশ করাতে হয়।

২.২। কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটারঃ এই ধরনের স্মার্ট মিটার রিচার্জের জন্য কোন কার্ড সংরক্ষণ/ব্যবহারের প্রয়োজন নাই। গ্রাহক তার কনজুমার নাম্বার ব্যবহার করে যে কোন স্থান থেকে অনলাইনের মাধ্যমে কিংবা নির্ধারিত ইউটিলিটি ভেন্ডিং স্টেশন থেকে টাকা রিচার্জ করতে পারবে। রিচার্জ করলে স্মার্ট মিটারে সরাসরি টাকা চলে যাবে অথবা একটি টোকেন নাম্বার দেয়া হবে। সেই টোকেন নাম্বারটি মিটারের উপরিভাগে থাকা কী-প্যাডে প্রেস করে নীল বাটন বা ↵ (Enter) প্রেস করলে রিচার্জকৃত টাকা মিটারে চলে যাবে। গ্রাহকের স্মার্ট মিটারে রিচার্জ পদ্ধতি সহজীকরনের লক্ষ্যে নেসকো কর্তৃক কী-প্যাড স্মার্ট প্রি-পেমেন্ট মিটার সরবরাহ ও স্থাপন করা হচ্ছে।

৩। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের সুবিধা :

স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের সুবিধা নিম্নরুপঃ

- ✓ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহার করার কারণে সম্মানিত গ্রাহক এনার্জি চার্জের উপর ১% হারে রেয়াত সুবিধা পাবেন।
- ✓ স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে ম্যানুয়ালি রিডিং গ্রহনের প্রয়োজন না থাকায় Over/Under Billing হবে না।
- ✓ গড় বিল, অনাকাঙ্ক্ষিত কিংবা কম/বেশী বিল হবার কোন সুযোগ থাকবে না।
- ✓ সম্মানিত গ্রাহক বাংলাদেশের যেকোন স্থান থেকে প্রতি মাসে স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে যত খুশি ততবার টাকা রিচার্জ করতে পারবেন।
- ✓ সম্মানিত গ্রাহক নিজেই তার ব্যবহৃত লোড কন্ট্রোল করে বিদ্যুতের স্রাশয়ী ব্যবহার নিশ্চিত করতে পারবেন।
- ✓ বিদ্যুৎ বিল বকেয়া রাখার সুযোগ না থাকায় সংযোগ বিচ্ছিন্নের আশংকা থাকবে না।
- ✓ নতুন সংযোগ গ্রহণ কিংবা লোড বৃদ্ধির ক্ষেত্রে গ্রাহককে কোন নিরাপত্তা জামানত জমা দিতে হবে না।
- ✓ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার নষ্ট হলে তাৎক্ষনিক নেসকো কর্তৃক মিটার প্রতিস্থাপন করা হবে।
- ✓ স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে ব্যালেন্স শেষ হবার পূর্বে স্মার্ট মিটারের Credit LED স্বয়ংক্রিয়ভাবে সংকেত (লাল) দিবে এবং এসএমএস এর মাধ্যমে মিটারের অবশিষ্ট ব্যালেন্স সম্পর্কে গ্রাহককে জানানো হবে।
- ✓ জরুরী মুহর্তে মিটারের ব্যালেন্স শেষ হয়ে গেলে মিটারে ৯৯৯৯৯ টাইপ করে ইমার্জেন্সি ব্যালেন্সের মাধ্যমে (সিঙ্গেল ফেজ-২০০ টাকা ও থ্রি ফেজ-৫০০ টাকা পর্যন্ত) গ্রাহক বিদ্যুৎ ব্যবহার করতে পারবেন যা পরবর্তিতে সমন্বয় করা হবে।
- ✓ গ্রাহকের সুবিধার্থে প্রতিদিন বিকাল ৪:০০ টা থেকে পরের দিন সকাল ১১:০০ টা পর্যন্ত (ফ্রেন্ডলি আওয়ার) এবং সাপ্তাহিক ছুটি সহ সকল সরকারী ছুটির দিন মিটারে ব্যালেন্স শেষ হলেও Credit-এ বিদ্যুৎ সরবরাহ সচল থাকবে।

নেসকোর অফিসিয়াল ওয়েবসাইট nesco.gov.bd, গ্রাহক সেবা পোর্টাল customer.nesco.gov.bd এবং prepaid.nesco.gov.bd থেকে গ্রাহকের স্মার্ট মিটার সংক্রান্ত যাবতীয় তথ্য এবং রিচার্জ হিস্ট্রি জানা যাবে।

৪। চার্জ সমূহ :

স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কিংবা পোস্ট পেমেন্ট মিটার উভয় ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) কর্তৃক নির্ধারিত ট্যারিফ অনুযায়ী বিদ্যুৎ বিল হিসাব করা হয়।

৪.১। ডিমান্ড চার্জ : গ্রাহক তার অনুমোদিত লোডের জন্য প্রতিমাসে একবার ডিমান্ড চার্জ প্রদেয় হবে। গ্রাহক যদি কোন মাসে স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে রিচার্জ না করে তাহলে পরবর্তিতে যে মাসে ভেন্ডিং অর্থাৎ রিচার্জ করবে সেই মাস সহ পূর্বের যে সকল মাসে রিচার্জ করা হয়নি সেই মাসের ডিমান্ড চার্জ কর্তন করা হবে।

৪.২। মিটার রেন্ট : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের স্মারক ২৭.০৭২.০১৪.০৬.০০.০১১.২০১৩(অংশ-১)-২৬৬ তারিখ ০৭-০৫-২০১৭ মোতাবেক গ্রাহককে প্রতি মাসে একবার সিঙ্গেল ফেজ মিটারের জন্য ৪০ টাকা এবং থ্রি ফেজ মিটারের জন্য ২৫০ টাকা মিটার রেন্ট হিসেবে দিতে হবে। পরবর্তিতে মিটার রেন্টের বিষয়ে মন্ত্রনালয় কর্তৃক কোন নির্দেশনা পাওয়া গেলে তা বাস্তবায়ন করা হবে।

৪.৩। এনার্জি চার্জ: প্রতি Unit বিদ্যুৎ ব্যবহারের জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক নেসকোর জন্য নির্ধারিত ট্যারিফ রেট অনুসারে গ্রাহকের এনার্জি চার্জ হিসাব করা হয় এবং সেই অনুসারে মিটার থেকে টাকা কর্তন করা হয়। উল্লেখ্য, ট্যারিফ রেট পোষ্ট-পেইড এবং প্রি-পেমেন্ট উভয় গ্রাহকের ক্ষেত্রে একই।

৪.৪। ভ্যাট: গ্রাহকের মোট বিলের উপর সরকার কর্তৃক নির্ধারিত হারে (৫%) প্রতিবার ভেন্ডিং করার সময় ভ্যাট কর্তন করা হবে। উল্লেখ্য, পোষ্ট পেইড এবং প্রি-পেমেন্ট উভয় ক্ষেত্রে ভ্যাট হার একই।

৪.৫। অন্যান্য চার্জঃ

ডিমান্ড চার্জ, মিটার রেন্ট এবং ভ্যাট ছাড়াও অন্যান্য চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের নিয়ম অনুসারে প্রতিমাসে একবার কর্তন করা হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। এখানে উল্লেখ্য যে, এনার্জি চার্জ ব্যতিত অন্যান্য চার্জ Pre-Payment Metering System

Software দ্বারা ভেন্ডিং করার সময় কেটে নেয়া হয়। শুধুমাত্র এনার্জি চার্জ প্রি-পেইড মিটার হতে বিদ্যুৎ এর ব্যবহার অনুসারে কর্তন করা হয়।

উদাহরণঃ ১-



Northern Electricity Supply Company Ltd.

Date:	07/06/2021 13:10:29
Order No.:	561777609349013504
Meter No.:	11041010166
Customer No.:	35012060
Customer Name:	MD AKRAM SHEK
Tariff Program:	LT-A
Sanction Load:	2
S&D/ESU:	Rajshahi S&D4
Vending Station:	NAGAD
Energy Cost:	476.69 Tk
Rebate (1%):	-5.26 Tk
Paid debt:	0 Tk
Demand Charge:	60 Tk
Meter Rent:	40 Tk
VAT (5%):	28.57 Tk
PFC:	0 Tk
Total Amount:	600 Tk
Paid Amount:	600 Tk

5753-3454-9596-8449-7018

Please press Enter after each 20 digits Token, then continue to another new token.

Estimate of units (KWh): 107.24

ছবি ১



Northern Electricity Supply Company Ltd.

Date:	20/05/2021 22:05:55
Tax Reg. No:	99
Order No.:	555389372833472512
Meter No.:	11043002356
Customer No.:	50008776
Customer Name:	MD. MASUD RANA
Tariff Program:	LT-C1-NORMAL
Sanctioned Load:	20
S&D/ESU:	Sirajganj S&D1
Vending Station:	BKASH
Payment Mode:	Cash
Operator:	BKASH(BKASH)
Energy Cost:	590.24Tk
Rebate(1%):	-11.67Tk
Paid Debt:	0.00Tk
Demand Charge(30/kW):	600.00Tk
Meter Rent(Three) (250/month):	250.00Tk
VAT(5%):	71.43Tk
PFC:	0.00Tk
Total Amount:	1500.00Tk
Paid Amount:	1500.00Tk
Change:	0.00Tk

5124-5134-1735-3930-1930

Please press Enter after each 20 digits Token, then continue to another new token

Estimate of units(kWh): 65.88

Last Recharge Date:

Last Recharge Amount:

ছবি ২

ধরা যাক, ছবি নং ১ এ বর্ণিত 'এলটি-এঃ আবাসিক' শ্রেনীর একজন গ্রাহক ০২ কিঃওঃলোড ব্যবহার করেন। তিনি যদি ২০২১ সালের জুন মাসের ০৭ তারিখে ভেন্ডিং স্টেশনে ৬০০ টাকা রিচার্জ করেন তাহলে মিটারে কত টাকা যাবে তার হিসাব নিম্নরূপঃ

চার্জের নাম	হিসাব	টাকার পরিমাণ
মোট রিচার্জকৃত টাকা	৬০০.০০	৬০০.০০
ভ্যাট ৫%	৬০০ × (৫÷১০৫)	২৮.৫৭
ডিমান্ড চার্জ	২ কিঃওঃ (মে) × (৩০ টাকা/কিঃওঃ)	৬০
মিটার রেন্ট	জুন × ৪০/মাস	৪০
	মোট চার্জ (২৮.৫৭+৬০+৪০)	১২৮.৫৭
রিবেট ১%	১/১০১*(৬০০ -৪০-২৮.৫৭)	৫.২৬
মোট এনার্জি	৬০০ – ১২৮.৫৭ + ৫.২৬	৪৭৬.৬৯

গ্রাহকের মিটারে মোট ৪৭৬.৬৯ টাকা ব্যালেন্স (এনার্জি চার্জ) হিসেবে যাবে।

যদি থ্রি ফেজ মিটার হয় তাহলে ছবি নং ২ এ বর্ণিত মিটারে মে মাসে ১৫০০.০০ টাকা রিচার্জের বিপরীতে কত টাকা এনার্জি চার্জ হিসাবে মিটারে যাবে তার হিসাব নিম্নরূপঃ

চার্জের নাম	হিসাব	টাকার পরিমাণ
মোট রিচার্জকৃত টাকা	১৫০০.০০	১৫০০.০০
ভ্যাট ৫%	১৫০০ × (৫÷১০৫)	৭১.৪৩
ডিমান্ড চার্জ	২০ কিঃওঃ (মে/২০২১ মাস) × (৩০ টাকা/কিঃওঃ)	৬০০.০০
মিটার রেন্ট	১মাস (মে/২০২১) × ২৫০/মাস	২৫০.০০
	মোট চার্জ (৭১.৪৩+৬০০.০০+২৫০.০০)	৯২১.৪৩
রিবেট ১%	১/১০১*(১৫০০-২৫০-৭১.৪৩)	১১.৬৭
মোট এনার্জি	১৫০০- ৯২১.৪৩ +১১.৬৭	৫৯০.২৪

গ্রাহকের মিটারে মোট ৫৯০.২৪ টাকা ব্যালেন্স (এনার্জি চার্জ) হিসেবে যাবে।

উদাহরণঃ ২-

নিম্নে বর্ণিত ছবির গ্রাহকের স্মার্ট মিটার মার্চ/২০২১ মাসে স্থাপন করা হয়েছিল। গ্রাহক মার্চ মাসে কোন রিচার্জ না করার কারণে যখন এপ্রিল/২০২১ মাসে ১০-০৪-২০২১ ইং তারিখে রিচার্জ করে তখন মার্চ ও এপ্রিল মাসের মিটার রেন্ট ও ডিমান্ড চার্জ এক সাথে কর্তন করা হয়।

Customer Name MD AMZAD HOSSAIN

Customer Address BOSPARA, RAJSHAHI

Mobile 01673988356 **S&D Name** Rajshahi S&D1

Customer Number 50015011 **Meter Number** 11011025359 **Sanction Load (KW)** 3

Sanction Tariff LT-A **Remaining balance (Tk.)** 118.98
(Time: 22 May 2021 12:00:00 AM)

Recharge History

Order Number	Token Number	Meter Rent (Tk.)	Demand Charge (Tk.)	VAT (Tk.)	Debt Amount (Tk.)	Rebate (Tk.)	Energy Amount (Tk.)	Recharge Amount (Tk.)	Estimated Purchase Unit	Payment Media	Recharge Date	Remote Recharge
551724013806952448	7026-1886-9606-6082-1961	0	0	23.81	0	-4.71	480.9	500	107.98	BKASH	10/05/2021 19:21:05	Success
549150251567816704	4445-5466-1296-6304-7465	40	90	23.81	0	-4.32	350.51	500	85.19	NAGAD	03/05/2021 16:53:52	Success
546911266296569856	4142-2658-4069-9433-4134	0	0	42.86	0	-8.49	865.63	900	175.24	NAGAD	27/04/2021 12:36:57	Success
544010227877072896	6655-0912-1204-6854-7665	0	0	95.24	0	-18.86	1923.62	2000	349.9	ROCKET	19/04/2021 12:29:15	Success
540859536383856640	2174-0235-9627-0532-6293	80	180	95.24	0	-18.07	1662.83	2000	308.77	ROCKET	10/04/2021 19:49:32	Success

ছবি ১

ছকে বর্ণিত গ্রাহকের মিটার রেন্ট ও ডিমান্ড চার্জের মাস ভিত্তিক বিবরণ নিম্নরূপঃ

<table>
<tr><th>মাস</th><th>অনুমোদিত লোড (কিলো ওয়াট)</th><th>ডিমান্ড চার্জ (৩০ টাকা/কিলো ওয়াট)</th><th>মিটার রেন্ট (৪০ টাকা/মাস)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>মার্চ /২০২১</td><td rowspan="3">০৩</td><td>০</td><td>০</td><td rowspan="2">মার্চ/২০২১ মাসে রিচার্জ না করায় এপ্রিল মাসে মার্চ ও এপ্রিল মাসের মিটার রেন্ট ও ডিমান্ড চার্জ এক সাথে কর্তন করা হয়।</td></tr>
<tr><td>এপ্রিল/২০২১</td><td>১৮০</td><td>৮০</td></tr>
<tr><td>মে/২০২১</td><td>৯০</td><td>৪০</td><td>মে/২০২১ মাসে একাধিকবার রিচার্জ করা হলেও একবারই মিটার রেন্ট ও ডিমান্ড চার্জ কর্তন করা হয়।</td></tr>
</table>

৫। কোথায় থেকে ভেন্ডিং/রিচার্জ করবেন?

নগদ, রকেট, বিকাশ, টেলিক্যাশ, গ্রামীণফোন Mobile Financial Services (MFS) এর মাধ্যমে দেশের যে কোন এলাকা থেকে কনজুমার নাম্বার দিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন। একই সাথে এক এলাকার গ্রাহক অন্য এলাকায় নির্ধারিত ভেন্ডিং (রিচার্জ) স্টেশন এ গিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন। ভেন্ডিং স্টেশনের নির্ধারিত স্থান সমূহ নিম্নরুপঃ

৫.১। বিক্রয় ও বিতরণ বিভাগ-১, নেসকো অফিস, সাগরপাড়া, রাজশাহী।
৫.২। কলাবাগান, হেতেম খাঁ, নেসকো অফিস, রাজশাহী।
৫.৩। জনতা ব্যাংক, হেতেম খাঁ শাখা, রাজশাহী।
৫.৪। ওয়ান ব্যাংক লিমিটেড, রাজশাহী শাখা, ৪০ মালোপাড়া, ইমাদুদ্দিন রোড, রাজশাহী।
৫.৫। মিডল্যান্ড ব্যাংক লিমিটেড, গনকপাড়া, রাজশাহী।
৫.৬। বিক্রয় ও বিতরণ বিভাগ-২, নেসকো অফিস, বাহিরগোলা, সিরাজগঞ্জ।
৫.৭। বিক্রয় ও বিতরণ বিভাগ- নেসকো, নাটোর।
৫.৮। জনতা ব্যাংক, এসবি ফজলুল হক রোড শাখা, সিরাজগঞ্জ।
৫.৯। জনতা ব্যাংক, কর্পোরেট শাখা, এস এস রোড, সিরাজগঞ্জ।
৫.১০। ওয়ান ব্যাংক লিমিটেড, রাজশাহী শাখা, মালোপাড়া, রাজশাহী।
৫.১১। ওয়ান ব্যাংক লিমিটেড, সিরাজগঞ্জ শাখা, শহীদ সোহরাওয়ার্দী রোড, সিরাজগঞ্জ।

০৬। কিভাবে ভেন্ডিং/রিচার্জ করবেন?

নগদ, রকেট, বিকাশ, টেলিক্যাশ এবং গ্রামীণ ফোন এর রিচার্জের ধাপসমূহ নিম্নরুপ:

নগদ (Nagad)	রকেট (Rocket)	বিকাশ (Bkash)	টেলিক্যাশ (TeleCash)	GPAY	ট্যাপ ট্রাস্ট এক্সিয়াটা পে
ধাপ ১: বিল পে	ধাপ ১: বিল পে	ধাপ ১: পে বিল	ধাপ ১: **নেসকো প্রি-পেইড**	ধাপ ১: Electricity Prepaid	**ধাপ ১:** Bill payment
ধাপ ২: বিদ্যুৎ	ধাপ ২: নেসকো প্রি-পেইড	ধাপ ২: বিদ্যুৎ	ধাপ ২: রিচার্জ এবং কনজুমার নাম্বার	ধাপ ২: Nesco Prepaid	ধাপ ২: Nesco Prepaid
ধাপ ৩: নেসকো প্রি-পেইড	ধাপ ৩: কনজুমার নাম্বার	ধাপ ৩: নেসকো প্রি-পেইড	ধাপ ৩: টাকার পরিমাণ	ধাপ ৩: Customar Number & Enter Amount	ধাপ ৩: Customar Number & Mobile Number
ধাপ ৪: কনজুমার নাম্বার	ধাপ ৪: টাকার পরিমাণ	ধাপ ৪: কনজুমার নাম্বার এবং মোবাইল নাম্বার	ধাপ ৪: মোবাইল নাম্বার	ধাপ ৪: PIN	ধাপ ৪: Enter Amount
ধাপ ৫: টাকার পরিমাণ	ধাপ ৫: আপনার পিন নাম্বার	ধাপ ৫: টাকার পরিমাণ	ধাপ ৫: আপনার পিন নাম্বার		ধাপ 5: PIN Number
ধাপ ৬: আপনার পিন নাম্বার		ধাপ ৬: আপনার পিন নাম্বার			
সমাপ্ত	সমাপ্ত	সমাপ্ত	সমাপ্ত	সমাপ্ত	সমাপ্ত

৭। সর্বাধিক জিজ্ঞাস্য প্রশ্নাবলি (FAQ)

প্রশ্ন-০১: স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে কি পোস্ট পেমেন্ট মিটারের চেয়ে বিল বেশি আসে?

উত্তরঃ না। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কিংবা পোস্ট পেমেন্ট মিটার উভয় ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) কর্তৃক নির্ধারিত ট্যারিফ অনুযায়ী বিদ্যুৎ বিল হিসাব করা হয়। সেক্ষেত্রে স্মার্ট প্রি- পেমেন্ট মিটারে বিদ্যুৎ বিল বেশি হবার কোন সুযোগ নাই।

প্রশ্ন-০২: এক এরিয়ার গ্রাহক কি অন্য এরিয়ায় গিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবে?

উত্তরঃ নগদ, রকেট, বিকাশ, টেলিক্যাশ, গ্রামীণফোন Mobile Financial Services (MFS) এর মাধ্যমে দেশের যে কোন এরিয়া থেকে কনজুমার নাম্বার দিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন। একই সাথে এক এরিয়ার গ্রাহক অন্য এরিয়ার নির্ধারিত ভেন্ডিং (রিচার্জ) স্টেশন এ গিয়ে স্মার্ট মিটারে রিচার্জ করতে পারবেন। ভেন্ডিং স্টেশনের নির্ধারিত স্থান সমূহ নিম্নরূপঃ

১। বিক্রয় ও বিতরণ বিভাগ-১, নেসকো অফিস, সাগরপাড়া, রাজশাহী।
২। কলাবাগান, হেতেম খাঁ, নেসকো অফিস, রাজশাহী।
৩। জনতা ব্যাংক, হেতেম খাঁ শাখা, রাজশাহী।
৪। ওয়ান ব্যাংক লিমিটেড, রাজশাহী শাখা, ৪০ মালোপাড়া, ইমাদুদ্দিন রোড, রাজশাহী।
৫। মিডল্যান্ড ব্যাংক লিমিটেড, গনকপাড়া, রাজশাহী।
৬। বিক্রয় ও বিতরণ বিভাগ-২, নেসকো অফিস, বাহিরগোলা, সিরাজগঞ্জ।
৭। বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো, নাটোর।
৮। জনতা ব্যাংক, এসবি ফজলুল হক রোড শাখা, সিরাজগঞ্জ।
৯। জনতা ব্যাংক, কর্পোরেট শাখা, এস এস রোড, সিরাজগঞ্জ।
১০। রুপালী ব্যাংক, সিরাজগঞ্জ শাখা।
১১। ওয়ান ব্যাংক লিমিটেড, সিরাজগঞ্জ শাখা, শহীদ সোহরাওয়ার্দী রোড, সিরাজগঞ্জ।
১২। ডাচ বাংলা ব্যাংক, নাটোর শাখা।

এছাড়াও যে সকল জেলা/উপজেলায় স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন কার্যক্রম সম্প্রসারন করা হচ্ছে সে সকল এলাকায় নতুন ভেন্ডিং স্টেশন স্থাপন কার্যক্রম চলমান রয়েছে।

প্রশ্ন-০৩: স্মার্ট মিটারে প্রথম রিচার্জ কি অফিসে এসে করতে হবে কিনা?

উত্তরঃ না। সম্মানিত গ্রাহক চাইলে সুবিধামত যে কোন স্থান থেকে অনলাইনের মাধ্যমে কিংবা নির্ধারিত ভেন্ডিং স্টেশন থেকে রিচার্জ করতে পারবেন।

প্রশ্ন-০৪: একমাসে একের অধিক রিচার্জ করলে কি প্রতিবারেই ডিমান্ড চার্জ কাটবে?

উত্তরঃ **না।** যে কোন মাসে প্রথমবার রিচার্জ করার সময় বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) কর্তৃক নির্ধারিত ট্যারিফ অনুযায়ী ঐ মাসের ডিমান্ড চার্জ এবং যদি পূর্বের কোন মাসের ডিমান্ড চার্জ বকেয়া থাকে তবে সেই পরিমান টাকা রিচার্জকৃত অর্থ হতে কর্তন করা হবে। কোন মাসে একবার ডিমান্ড চার্জ কর্তন করা হলে ঐ মাসে পরবর্তীতে যে কোন রিচার্জের সময় ডিমান্ড চার্জ কর্তন করা হবে না।

প্রশ্ন-০৫: রাতের বেলা অথবা যেকোন সরকারি ছুটির দিনে ব্যালেন্স শেষ হয়ে গেলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হবে কি?

উত্তরঃ রাতের বেলা অথবা যেকোন ছুটির দিনে স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের ব্যালেন্স শেষ হয়ে গেলে বিদ্যুৎ সরবরাহ বন্ধ হবে না। মিটারে প্রতিদিন বিকাল ৪:০০ টা হতে পরের দিন সকাল ১১:০০ টা পর্যন্ত Friendly Hour, আর শুক্রবার ও শনিবার সহ যে কোন সরকারি ছুটির দিন ২৪ ঘন্টা Holiday হিসাবে উল্লেখ করা আছে। ঐ সময়ের মধ্যে মিটারে ব্যালেন্স শেষ হয়ে গেলেও গ্রাহক বিদ্যুৎ ব্যবহার করতে পারবেন। তবে, যে পরিমান বিদ্যুৎ ব্যবহার করবে মিটার তা নেগেটিভ হিসাবে জমা রাখবে এবং পরবর্তীতে রিচার্জ করা হলে ব্যবহৃত টাকা মিটারের ব্যালেন্স হতে সমন্বয় করা হবে।

প্রশ্ন-০৬: স্মার্ট প্রি-পেমেন্ট মিটার বসানোর সময় কি কোন টাকা নেয়া হবে?

উত্তরঃ **না।** স্মার্ট প্রি-পেমেন্ট মিটার বসানোর সময় মিটারের মূল্য বা মিটার স্থাপন চার্জ বাবদ কোন টাকা নেয়া হবে না।

প্রশ্ন-০৭: নেসকো কি বিদ্যুৎ বিল বাবদ বেশি টাকা কাটে?

উত্তরঃ **না।** বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) কর্তৃক নেসকোর জন্য নির্ধারিত ট্যারিফ অনুসারে বাংলাদেশের অন্যান্য বিদ্যুৎ বিতরনকারী সংস্থার মত একই নিয়মে বিল হিসাব করা হয়।

প্রশ্ন-০৮: স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারে গ্রাহক আর্থিকভাবে কোন সুবিধা পাবে কি?

উত্তরঃ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের ফলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (BERC) কর্তৃক নির্ধারিত ট্যারিফ অনুসারে সম্মানিত গ্রাহকগন মূল্য সংযোজন কর ব্যতিত নীট বিদ্যুৎ বিলের ওপর ১% (এক শতাংশ) হারে রেয়াত (Rebate) সুবিধা পাবেন।

প্রশ্ন-০৯: স্মার্ট মিটার ব্যবহারের ফলে বিদ্যুৎ ব্যবহারের তথ্য ও রিচার্জের পরিমান গ্রাহক কিভাবে জানতে পারবে?

উত্তরঃ নিম্নোক্ত শর্টকোড ব্যবহার করে গ্রাহক নিজেই স্মার্ট প্রি-পেমেন্ট মিটার থেকে বিদ্যুৎ ব্যবহারের তথ্য ও রিচার্জের পরিমান জানতে পারবেন।

শর্ট কোড	বিবরণ	শর্ট কোড	বিবরণ
০৭	চুক্তিবদ্ধ লোড (Sanctioned Load)	১৮	ট্যারিফ ক্যাটাগরি
১৯	বর্তমান বিদ্যুতের রেট	৩২	ইমার্জেন্সি ব্যালেন্স
৩৭	বর্তমান ব্যালেন্স	৩৯	ইমার্জেন্সি ব্যাল্যান্স খরচের পরিমান
৪৫	সাপ্তাহিক ছুটির দিন (Holiday)	৪৬	ফ্রেন্ডলি আওয়ার (Friendly Hour)
৫১	পাওয়ার ফ্যাক্টর	৫২	ভোল্টেজ
৫৫	কারেন্ট	৬০	এখন ব্যবহৃত লোডের (kW) পরিমান
৮১	এখন পর্যন্ত বিদ্যুৎ (kWh) ব্যবহারের পরিমান	৮৩	মোট kvarh রিডিং
৮৭	বর্তমান মাসের Average Power Factor	৮৮	গত মাসের Average Power Factor
৯৯	তারিখ ও সময়	২০০	সর্বশেষ বিদ্যুৎ ক্রয়ের পরিমান
৪০০	চলতি মাসে মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (kWh)	৪০১	গত মাসের মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (kWh)
৪১৩	চলতি মাসে মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (টাকা)	৪১৪	গত মাসের মোট বিদ্যুৎ ব্যবহারের পরিমান (টাকা)
৪৭০	বর্তমান মাসে সর্বোচ্চ ব্যবহৃত লোড (Maximum Demand)	৯৯৯৯৯	ইমার্জেন্সি ব্যালেন্স (Emergency Balance) গ্রহন
সবুজ LED	পর্যাপ্ত ব্যালেন্স আছে।	লাল LED	পর্যাপ্ত ব্যালেন্স নেই/ ইমারর্জেন্সি ব্যালেন্স চলছে।।

নেসকোর অফিসিয়াল ওয়েবসাইট nesco.gov.bd **এবং** customer.nesco.gov.bd থেকে স্মার্ট মিটার সংক্রান্ত যাবতীয় তথ্য এবং রিচার্জ হিস্ট্রি বা বিস্তারিত তথ্য জানা যাবে।

প্রশ্ন-১০: অনলাইনের মাধ্যমে মিটারে টাকা রিচার্জের পর কোন কারণে মিটারে টাকা রিচার্জ না হলে করণীয় কি ?

উত্তরঃ কোন কারনে রিচার্জকৃত এনার্জির টাকা স্বয়ংক্রিয় ভাবে রিচার্জ না হলে, সেক্ষেত্রে প্রাপ্ত টোকেনে উল্লেখিত ২০ ডিজিটের নম্বরটি স্মার্ট মিটারের কী-প্যাডে প্রেস করে নীল বাটন বা ↵ (Enter) বাটনে প্রেস করলে টাকা রিচার্জ হয়ে যাবে।

প্রশ্ন-১১: নেসকো ছাড়া অন্য কোন বিদ্যুৎ বিতরণকারী সংস্থা কি প্রি-পেমেন্ট মিটার স্থাপন করেছে ?

উত্তরঃ নেসকো ছাড়াও অন্যান্য বিতরন ইউটিলিটিতে প্রি-পেমেন্ট মিটার স্থাপনের কাজ ইতোমধ্যে শুরু করেছে। নিম্নে সকল ইউটিলিটির প্রি-পেমেন্ট মিটার স্থাপনের তথ্য দেওয়া হলো (জুলাই২০২১ মাস পর্যন্ত):

বিপিডিবি	আরইবি	ডিপিডিসি	ডেসকো	ওজোপাডিকো	নেসকো
১৩,৪১,৫৬৮ টি	১১,১০,৫৬৮ টি	৫,৭৩,২৮১ টি	৫,৭৩,৮৮৮ টি	৩,৬৮,৫৪৮ টি	৮৬,১০১ টি

প্রশ্ন-১২: এই স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কার্ড সিস্টেম?

উত্তরঃ এই স্মার্ট প্রি-পেমেন্ট মিটার কী-প্যাড সিস্টেমের। অর্থাৎ স্মার্ট মিটার রিচার্জের জন্য কোন কার্ড সংরক্ষণ/ব্যবহারের প্রয়োজন নেই।

প্রশ্ন-১৩: নতুন সংযোগ প্রদান কিংবা স্মার্ট প্রি-পেমেন্ট মিটার পরিবর্তনের সময় যে কার্ড দেয়া হয়েছিল তা হারিয়ে গেলে করনীয় কি?

নতুন সংযোগ প্রদান কিংবা স্মার্ট প্রি-পেমেন্ট মিটার পরিবর্তনের সময় যে কার্ড দেয়া হয়েছিল সেখানে মূলত কঞ্জুমার নাম্বার এবং মিটার নাম্বার উল্লেখ থাকে। উক্ত কার্ডে উল্লেখিত কঞ্জুমার বা মিটার নাম্বারটি ব্যবহার করে নেসকোর অফিসিয়াল ওয়েবসাইট nesco.gov.bd এবং গ্রাহক সেবা পোর্টাল customer.nesco.gov.bd থেকে গ্রাহকের স্মার্ট প্রি-পেমেন্ট মিটার সংক্রান্ত যাবতীয় তথ্য ও রিচার্জ হিস্ট্রি জানা যাবে। এছাড়া সম্মানিত গ্রাহক তার কঞ্জুমার নাম্বার ব্যবহার কজরে যে কোন এলাকা থেকে অনলাইনের মাধ্যমে কিংবা নির্ধারিত ইউটিলিটি ভেন্ডিং স্টেশন থেকে স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে টাকা রিচার্জ করতে পারবেন।

প্রশ্ন-১৪: স্মার্ট মিটার স্থাপনের পর পরবর্তিতে কোন সমস্যা হলে কোথায় যোগাযোগ করবো?

উত্তরঃ স্মার্ট মিটার সহ বিদ্যুৎ সংক্রান্ত যেকোন বিষয়ে সংশ্লিষ্ট বিতরণ অফিসে যোগাযোগ করুন। তবে, স্মার্ট মিটার বিষয়ে যে কোন অভিযোগ কিংবা তথ্যের জন্য নিম্নোক্ত নাম্বারেও যোগাযোগ করতে পারবে। স্মার্ট মিটার বিষয়ক অভিযোগ কেন্দ্রের নাম্বার:

ক্রমিক নং	দপ্তরের নাম	অভিযোগ কেন্দ্রের নাম্বার
(ক)	বিক্রয় ও বিতরণ বিভাগ ১, নেসকো, রাজশাহী	০১৩২৪-২৭৪ ৩০১
(খ)	বিক্রয় ও বিতরণ বিভাগ ৪, নেসকো, রাজশাহী	০১৩২১-১২৪ ৫১৫
(গ)	বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো, নাটোর	০১৩২১-১২৪ ৫১৭
(ঘ)	বিক্রয় ও বিতরণ বিভাগ ১, নেসকো, সিরাজগঞ্জ	০১৩২১-১২৪ ৫১৬
(ঙ)	বিক্রয় ও বিতরণ বিভাগ ২, নেসকো, সিরাজগঞ্জ	০১৩২৪-২৭৮ ৩০২
(চ)	বিক্রয় ও বিতরণ বিভাগ ১, নেসকো, চাঁপাইনবাবগঞ্জ	০১৩২৪-২৭৮ ৩০৩
(ছ)	বিক্রয় ও বিতরণ বিভাগ ২, নেসকো, চাঁপাইনবাবগঞ্জ	০১৩২৪-২৭৮ ৩০৪
(জ)	বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো, নীলফামারী	০১৩২৪-২৭৮ ৩০৫
(ঝ)	বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো, সৈয়দপুর, নীলফামারী	০১৩২৪-২৭৮ ৩০৬
(ঞ)	বিক্রয় ও বিতরণ বিভাগ ১, নেসকো, দিনাজপুর	০১৩২৪-২৭৮ ৩০৭
(ট)	বিক্রয় ও বিতরণ বিভাগ ২, নেসকো, দিনাজপুর	০১৩২৪-২৭৮ ৩০৮

প্রশ্ন-১৫: Friendly Hour, Holiday এবং Emergency Balance কি ?

উত্তরঃ Holiday: শুক্র ও শনিবার সহ অন্যান্য সরকারি ছুটির দিন।
Friendly Hour: প্রতি সপ্তাহের রবিবার হতে বৃহস্পতিবার বিকাল ৪:০০ থেকে পরের দিন সকাল ১১:০০ পর্যন্ত।

Emergency Balance: যেকোন সময় গ্রাহক প্রয়োজনে মিটারে ৯৯৯৯৯ টাইপ করে নীল বাটন বা ↵ (Enter) বাটনে চাপলে সিঙ্গেল ফেজ স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের জন্য ২০০.০০ টাকা এবং থ্রি-ফেজ স্মার্ট মিটারের জন্য ৫০০.০০ টাকা ক্রেডিটে বিদ্যুৎ ব্যবহার করতে পারবে। উল্লেখ্য যে, Holiday, Friendly Hour কিংবা Emergency Balance চালু থাকা অবস্থায় সম্মানিত গ্রাহকের স্মার্ট প্রি-পেমেন্ট মিটারে টাকা না থাকলেও ক্রেডিটে বিদ্যুৎ সরবরাহ সচল থাকবে।

প্রশ্ন-১৬: মসজিদ-মন্দির/ধর্মীয় উপাসনালয়/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা কি পূর্বের ন্যায় একই হারে রেয়াত সুবিধা পাবে?

উত্তরঃ হ্যা। স্মার্ট প্রি-পেমেন্ট মিটার ব্যবহারের ক্ষেত্রেও মসজিদ-মন্দির/ধর্মীয় উপাসনালয়/যুদ্ধাহত মুক্তিযোদ্ধা সকলেই সরকার কর্তৃক নির্ধারিত হারে পূর্বের ন্যায় রেয়াত সুবিধা পাবে।

প্রশ্ন-১৭: স্মার্ট প্রি-পেমেন্ট মিটার নষ্ট হলে পরিবর্তনের সময় গ্রাহককে অর্থ পরিশোধ করতে হবে কিনা?

উত্তরঃ নষ্ট স্মার্ট প্রি-পেমেন্ট মিটার পরিবর্তনের প্রয়োজন হলে, নেসকো কর্তৃক পরিবর্তণ করা হবে। সেক্ষেত্রে গ্রাহক কর্তৃক কোন অর্থ পরিশোধ করতে হবে না।

প্রশ্ন-১৮: কিভাবে স্মার্ট প্রি-পেমেন্ট মিটার পরিবর্তন করা হচ্ছে?

উত্তরঃ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার পরিবর্তনের পূর্বে সম্মানিত বিদ্যুৎ গ্রাহকের স্থাপনায় সার্ভে করা হবে এবং স্মার্ট প্রি-পেমেন্ট মিটারের সুবিধা সম্বলিত লিফলেট বিতরণ করা হবে। পরবর্তিতে, স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপনের সময় স্মার্ট মিটারের ব্যবহারবিধি ও রিচার্জের পদ্ধতি বিস্তারিত অবহিত করা সহ লিফলেট প্রদান করা হবে।

০৮। উপসংহার:

উন্নত গ্রাহক সেবা প্রদান করা সহ বিদ্যুৎ বিতরন সংস্থা ও গ্রাহকের মধ্যে সুসম্পর্ক প্রতিষ্ঠা করার লক্ষ্যে সম্পূর্ণ সরকারী অর্থায়নে "নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড এলাকায় পাঁচ লক্ষ স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন" শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। সরকারের এই লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিঃ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। উন্নয়নের এই অগ্রযাত্রায় আপনাদের সকলের সহযোগিতা একান্ত কাম্য।

-সমাপ্ত-